



চমেক হাসপাতালের ওএসইসি

মুক্তিযোদ্ধা কর্নারে সব সেবা পাবেন বীর মুক্তিযোদ্ধারা: শিক্ষা উপমন্ত্রী

চট্টগ্রাম: চমেক হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও চট্টগ্রাম-৯ আসনের এমপি, শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাস্থ্যখাতে সরকারি-বেসরকারি ব্যাপক বিনিয়োগ হচ্ছে। দেশের আর কোনও সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে এভাবে ওয়ান স্টপ ইমার্জেন্সি কেয়ার (ওএসইসি) হয়নি, যেটা চালু হয়েছে চমেক হাসপাতালে।

শনিবার (৯ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় চমেক হাসপাতাল ওএসইসি'র কেডিএস মুক্তিযোদ্ধা কর্নারের জন্য চেক হস্তান্তর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

শিক্ষা উপমন্ত্রী বলেন, ওয়ান স্টপ ইমার্জেন্সি কেয়ার স্বাস্থ্যসেবার একটা অপরিহার্য অংশ। মুক্তিযোদ্ধাদের চিকিৎসার জন্য কেডিএস গ্রুপ এগিয়ে আসায় ধন্যবাদ জানাচ্ছি। এই মুক্তিযোদ্ধা কর্নারে বীর মুক্তিযোদ্ধারা সব সেবা পাবেন। এখানে প্রাথমিক ক্লিনিং করা গেলে হাসপাতালে রোগী ভর্তির চাপ অনেকাংশে কমবে।

তিনি আরও বলেন, এই জাতি বীরের জাতি, বার বার যুদ্ধ করে জয়ী হয়েছে যেকোনও প্রতিকূল পরিবেশে। করোনা প্রতিরোধেও যুদ্ধে নেমেছে বাঙালি। সকলের সম্মিলিত প্রচেষ্টা, সচেতনতা ও আন্তরিকতায় আমরা অবশ্যই জয়ী হবো।

চেক হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চমেক অধ্যক্ষ ডা. সাহেনা আক্তার, চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এস এম হুমায়ুন কবীর, মহানগর মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার মোজাফফর আহমদ, চমেক হাসপাতালের মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. এম এ হাসান চৌধুরী, সার্জারি বিভাগের অধ্যাপক ডা. আনোয়ারুল হক, হাসপাতালের উপ পরিচালক ডা. আফতাবুল ইসলাম, সহকারী পরিচালক ডা. সাজ্জাদ হোসেন, সহকারী পরিচালক ডা. রাজীব পালিত, কেডিএস গ্রুপের ভাইস প্রেসিডেন্ট জসিম উদ্দিন চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট আশিক ভূঁইয়া, মানবসম্পদ বিভাগের প্রধান সাইফুল আবেদীন, ব্রান্ডিং প্রধান সাজ্জাদ আল মামুন, ডা. শম্পা দত্ত, ফিন্যান্সের সহকারী ম্যানেজার সুমন চৌধুরী।